# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 22-08-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) একদিনের সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় আসছেন। এই সফরে তিনি মেট্রোরেলের তিনটি রুটের উদ্বোধন সহ ৫ হাজার ২শো কোটি টাকার উন্নয়মূলক প্রকল্পের সূচনা ও শিলান্যাস করবেন।

সফরের প্রাক্কালে প্রধানমন্ত্রী বলেছেন, উন্নয়নমূলক কর্মসূচীর আশায় এরাজ্যের মানুষ অধীর আগ্রহে বিজেপির প্রতীক্ষায় রয়েছে।

২) অনলাইনে অর্থের বিনিময়ে বিভিন্ন খেলা, বিজ্ঞাপন এবং আর্থিক লেনদেনের মত ক্ষতিকারক বিষয় নিষিদ্ধ করতে সংসদে প্রোমোশন অ্যান্ড রেগুলেশন অফ অনলাইন গেমিং বিল ২০২৫ গৃহীত হয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন, এই বিল ভারতকে গেমিং, সৃজনশীলতা ও উদ্ভাবনী হাব হিসাবে গড়ে তুলতে সাহায্য করবে।

৩) ভোটার তালিকায় অনিয়মের জেরে নির্বাচন কমিশনের নির্দেশে পাঁচ অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে রাজ্য সরকার।

৪) উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ছাত্রছাত্রীদের নাম এনরোলমেন্টের জন্য অনলাইন পোর্টাল আবার চালু করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

৫) ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় আজও বৃষ্টির পূর্বাভাস।

৬) আজ কৌশিকি অমাবস্যা। এই উপলক্ষে সেজে উঠেছে তারাপীঠ সহ বিভিন্ন শক্তিপীঠ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহার ও পশ্চিমবঙ্গ সফর করবেন।

বিহারে তাঁর ১৩ হাজার কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে। সেখানে থেকে শ্রী মোদী আসবেন কলকাতায়। এখানেও তাঁর ৫ হাজার ২শো কোটি টাকার উন্নয়নী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করার কথা।এর মধ্যে রয়েছে মেট্রো রেলের তিনটি নতুন রুটের সূচনা। (এগুলি হল ইস্ট ওয়েস্ট মোট্রো রুটে শিয়ালদা থেকে ধর্মতলা, গড়িয়া – বিমানবন্দর মেট্রো রুটে বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় এবং নোয়াপাড়া থেকে বিমানবন্দর। যাত্রা শুরুর সংকেত দেওয়ার পর প্রধানমন্ত্রী নিজে নোয়াপাড়া বিমানবন্দর পথে সফর করবেন।) একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট দীপঙ্কর

মেট্রো রেল সূত্রে জানা গেছে, ইয়েলো লাইনে প্রায় সাত কিলোমিটার দীর্ঘ নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমান বন্দর পর্যন্ত থাকছে মোট চারটি স্টেশন। নোয়াপাড়া ও বিমানবন্দর ছাড়া বাকি দুটি হল দমদম ক্যান্টনমেন্ট ও যশোর রোড। সকাল ৭ টা ৫৮ মিনিট থেকে সন্ধ্যা ৮ টা ১০ মিনিট পর্যন্ত এই শাখায় মেট্রো পরিষেবা পাওয়া যাবে। তবে শনি ও রবিবার তা বন্ধ থাকবে।

অন্যদিকে, গ্রীন লাইনে Esplanade ও শিয়ালদার মধ্যে প্রায় আড়াই কিলোমিটার পথে এই মেট্রো পরিষেবা প্রধানমন্ত্রীর উদ্বোধনের পর আজ সন্ধ্যা ৬ টা থেকেই বাণিজ্যিকভাবে চালু হয়ে যাবে। হাওড়া ময়দান সল্টলেক রুটে এই পরিষেবা পাওয়া যাবে সকাল সাড়ে ছটা থেকে রাত ১০ টা ১৯ মিনিট পর্যন্ত। এর ফলে হাওড়া থেকে শিয়ালদা পৌঁছতে এখন সময় লাগবে মাত্র ১১ মিনিট।

অন্যদিকে, অরেঞ্জ লাইনে হেমন্ত মুখোপাধ্যায় থেকে বেলেঘাটা পর্যন্ত প্রায় সাড়ে ৪ কিলোমিটার পথে স্টেশনগুলি হল, বেলেঘাটা, বরুণ সেনগুপ্ত, ঋত্বিক ঘটক ও ভিআইপি বাজার। সোম  থেকে শুক্র সকাল ৮ টা থেকে সন্ধ্যা ৮ টা ২৮ মিনিট পর্যন্ত এই পরিষেবা পাওয়া যাবে। ইয়ালো ও অরেঞ্জ লাইনে বাণিজ্যিকভাবে ট্রেন চলাচল শুরু আগামী সোমবার ২৫ তারিখ।

প্রধানমন্ত্রী আজ এরপর দমদম সেন্ট্রাল জেল ময়দানে এক অনুষ্ঠানে  ১ হাজার ২শো কোটি টাকা ব্যয়ে ৭ দশমিক ২ কিলোমিটার দীর্ঘ ৬ লেনের এলিভেটেড কোনা এক্সপ্রেসওয়েরও শিলান্যাস করবেন। এর ফলে হাওড়া ও গ্রামীণ এলাকার সঙ্গে কলকাতার যোগাযোগ আরও সহজ হবে। সবশেষে দমদম ঐ ময়দানে এক জনসভায় বক্তব্য রাখবেন শ্রী মোদী।

সফর শেষে প্রধানমন্ত্রী কলকাতা বিমানবন্দরে থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা দেবেন।

এদিকে, পশ্চিমবঙ্গ সফরের প্রাক্কালে প্রধানমন্ত্রী এক বার্তায় বলেছেন, এরাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে দিন দিন ক্ষোভ ও জনরোষ বাড়ছে। তাই উন্নয়নমূলক কর্মসূচীর আশায় এরাজ্যের মানুষ অধীর আগ্রহে বিজেপির প্রতীক্ষায় রয়েছে।

কলকাতায় তিনি আজ দলের কর্মকর্তাদের নিয়ে এক রালি করবেন বলেও সমাজমাধ্যমে ঐ বার্তায় শ্রী মোদী উল্লেখ করেন।

এদিকে প্রধানমন্ত্রী আজ মেট্রোরেলের যেসব প্রকল্পের উদ্বোধন করবেন, তা অতীতে বামপন্থী সাংসদদের লাগাতার দাবির ফলেই হয়েছে বলে সিপিআইএম মন্তব্য

করেছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, ভোটের আগে নিজের দলীয় কাজের প্রচারের জন্যই প্রধানমন্ত্রী এই প্রকল্পের উদ্বোধন করেছেন।

বাইট সেলিম

প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। যশোহর রোড, ভিআইপি রোড,নাগেরবাজার, দমদম রোড এবং সল্টলেকের বিস্তীর্ণ এলাকায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। আজ দুপুর থেকে প্রধানমন্ত্রী দিল্লিগামী উড়ানে না ওঠা পর্যন্ত সল্টলেক এবং দমদমের বিভিন্ন রাস্তাও বন্ধ রাখা হতে পারে বলে পুলিশ সূত্রে জানা গেছে। ফলে, উত্তর শহরতলি, উত্তর কলকাতা ও মধ্য কলকাতার কিছু অংশে যানজটের আশঙ্কা থাকছে।

---------------------

মেট্রোরেল আজ শহীদ ক্ষুদিরাম ও দমদম স্টেশনের মধ্যে রাত দশটা চল্লিশ মিনিটের বিশেষ ট্রেন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। অনিবার্য কারণবশত এই সিদ্ধান্ত বলে মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

---------------------

সংসদে প্রমোশন অ্যান্ড রেগুলেশন অফ অনলাইন গেমিং বিল, ২০২৫ পাশ হয়েছে। অনলাইনে অর্থের বিনিময়ে বিভিন্ন খেলা, বিজ্ঞাপন অথবা আর্থিক লেনদেনের মতো ক্ষতিকারক বিষয়গুলিকে নিষিদ্ধ করা এই বিলের উদ্দেশ্য। পাশাপাশি ই-স্পোর্টস ও অনলাইন সোশ্যাল গেমসের বিষয়ে উৎসাহ দেওয়া হবে। অনলাইনে সাট্টা এবং জুয়া খেলা, পোকার, রামি সহ বিভিন্ন তাস খেলা ও লটারির মতো খেলাগুলির বিরুদ্ধে পুরোনো যে আইন ছিল তা বাতিল করা হবে। যুবক যুবতীদের ইদানিং অনলাইনে বিভিন্ন অ্যাপের মাধ্যমে টাকা পয়সা

খোয়ানোর সমস্যা দেখা দিচ্ছে, যার ফলে পারিবারিক স্তরে আর্থিক সঙ্কট ঘনীভূত হচ্ছে। তরুণ সম্প্রদায়কে এধরণের প্রতারণার হাত থেকে রক্ষা করার জন্য এই আইনটি নিয়ে আসা হয়েছে। রাজ্যসভায় গতকাল বিলটি পেশ করনে বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো।

উল্লেখ্য বুধবার বিলটি লোকসভায় পাশ হয়েছিল। গতকাল সেটি রাজ্যসভায় অনুমোদিত হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সংসদে গৃহীত প্রোমোশন অ্যান্ড রেগুলেশন অফ অনলাইন গেমিং বিল ভারতকে গেমিং, সৃজনশীলতা ও উদ্ভাবনী হাব হিসাবে গড়ে তুলতে সাহায্য করবে। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, এই বিল অনলাইনে অর্থের লেনদেনের মত ক্ষতিকারক বিষয়গুলিকে নিষিদ্ধ করে গোটা সমাজকে এর কুপ্রভাব থেকে মুক্ত করবে।

এদিকে মোবাইলের আসক্তি এবং অনলাইন গেম বিভিন্ন দিক থেকে যেভাবে তরুণ প্রজন্মের ক্ষতি করছে, এর ফলে তার নিরসন হবে বলে আশা করা হচ্ছে। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট কাশফিন

নাবালকদের সুরক্ষা এবং বেআইনি বাজি ধরা বন্ধ করার যে নির্দেশ দেওয়া হয়েছে, তাতে খুশী ছাত্র থেকে যুব সমাজের একাংশও। তারা এই বিলকে স্বাগত জানিয়েছেন। পুরুলিয়ার সিধো কানহো বিশ্ববিদ্যালয়ের ছাত্রী গুণগুণ ব্যানার্জী বলেছেন, কেন্দ্র অনেক ভেবে চিন্তেই এই সিদ্ধান্ত নিয়েছে।

বাইট

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ. আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

----------------------

ভোটার তালিকায় অনিয়মের জেরে পাঁচ অভিযুক্ত আধিকারিকের বিরুদ্ধে রাজ্য সরকার শাস্তি মূলক ব্যবস্থা নিয়েছে। দুই ডব্লিউ বিসিএস সহ চার আধিকারিককে সাসপেন্ড করা হয়েছে। চুক্তিভিত্তিক এক ডেটা এন্ট্রি অপারেটরকে সাসপেন্ড করার পাশাপাশি, তাঁর বিরুদ্ধে এফআইআর ও দায়ের করা হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশে তাদের বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা কার্যকর করা হলো। তবে কমিশনের নির্দেশমতো সমস্ত আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়নি।

উল্লেখ্য রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ দিল্লিতে কমিশনের প্রসঙ্গে বেঞ্চের সঙ্গে দেখা করে গতকালের মধ্যে ওই আধিকারিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা কার্যকর করার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

--------------------

উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ছাত্রছাত্রীদের নাম এনরোলমেন্টের জন্য অনলাইন পোর্টাল আবার চালু করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, সংসদের তরফে বারবার জানানো সত্ত্বেও অনেক স্কুল এখনো পর্যন্ত তৃতীয় সেমিস্টারের জন্য ছাত্রছাত্রীদের নাম এনরোলমেন্ট সম্পূর্ণ করেনি। সেই কারণেই অনলাইন এনরোলমেন্ট পোর্টাল আজ থেকে আবার চালু করা হয়েছে। ২৪ তারিখ পর্যন্ত এটি খোলা থাকবে। এই সময়সীমার মধ্যে স্কুলের প্রধানদের উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ছাত্রছাত্রীদের এনরোলমেন্ট প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

রাজ্য সরকার, স্নাতকস্তরে ভর্তি প্রক্রিয়া অনির্দিষ্টকালের জন্য বন্ধ, রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের ফলাফল অপ্রকাশিত রাখা ও সাম্প্রতিক মেডিক্যাল ও ডেন্টাল কোর্সের কাউন্সেলিং ও ভর্তি বন্ধ করে রাজ্যের সরকারি শিক্ষা ব্যবস্থাকে শেষ করার কৌশল নিয়েছে বলে ছাত্র সংগঠন এবিভিপি দাবি করেছে। তার বিরুদ্ধে দ্রুত সাংবিধানিক হস্তক্ষেপ চেয়ে ABVP র রাজ্য সম্পাদক অনিরুদ্ধ সরকারের নেতৃত্বে এক প্রতিনিধিদল গতকাল রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করে এবিষয়ে স্মারকলিপি

দেন। পরে রাজভবনের বাইরে সাংবাদিকদের অনিরুদ্ধ সরকার অভিযোগ করেন, ওবিসি জটিলতা নিয়ে রাজ্য সরকার কৃত্রিম সমস্যার সৃষ্টি করেছে।

---------------------

শিয়ালদায় কারমাইকেল হস্টেলে শিক্ষার্থীদের ওপর দুষ্কৃতি হামলার ঘটনায় ধৃত দুজনকে গতকাল ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে ২৬ শে আগস্ট পর্যন্ত পুলিশি হেফাজতে পাঠানো হয়েছে। ধৃত দীপক কুমার শ ও ইমতিয়াজ আলি দুজনেই নারকেলডাঙ্গার বাসিন্দা। এরা একটি মোবাইলের দোকানে কাজ করত। পড়ুয়াদের অভিযোগের ভিত্তিতে পুলিশ গতকাল সকালে এদের গ্রেপ্তার করে।

উল্লেখ্য, বুধবার রাতে এই হস্টেলের আবাসিক শিক্ষার্থীদের ওপর স্থানীয় দোকানদার এবং দুষ্কৃতীরা ব্যাট, ছুরি, হকিস্টিক, উইকেট নিয়ে হামলা চালায় বল অভিযোগ। এই ঘটনায় ১০ জন আহত হয়েছেন।

ঘটনার প্রতিবাদে এসএফআই-এর পক্ষ থেকে শিয়ালদা স্টেশন চত্বরে বিক্ষোভ মিছিল ও কলেজস্ট্রীট অবরোধ করা হয়।

---------------------

ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজও বৃষ্টির পূর্বাভাস। পূর্ব বর্ধমান এবং দক্ষিণ ২৪ পরগনা এবং উত্তরবঙ্গের আলিপুরদুয়ার জেলায় কমলা সর্তকতা জারি করা হয়েছে। এছাড়া দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার এবং উত্তর দিনাজপুর জেলায় রয়েছে হলুদ সর্তকতা। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, রাজ্যের প্রায়

সর্বত্রই হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও বজ্র বিদ্যুত্ সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে।

উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৩৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের শনিবার পর্যন্ত সাগরে পারি দিতে নিষেধ করা হয়েছে।

এদিকে, কলকাতা ও সংলগ্ন এলাকায় গতকাল ভারি বৃষ্টিতে স্বাভাবিক জনজীবন ব্যাহত হয়। বহু নীঁচু এলাকায় জল জমে যাওয়ায় সমস্যায় পড়েন সাধারণ মানুষ। আলিপুরে আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত বৃষ্টির পরিমাণ ৩১ দশমিক ৪ মিলিমিটার।

---------------------

আজ কৌশিকি অমাবস্যা। এই উপলক্ষে সেজে উঠেছে তারাপীঠ সহ বিভিন্ন শক্তিপীঠ। সকাল ১১ টা ৫৮ মানিটি থেকে আগামীকাল সকাল ১১ টা ৩৭ মিনিট পর্যন্ত অমাবস্যা তিথি থাকবে।

তারাপীঠ সহ বিভিন্ন মায়ের মন্দির সাজিয়ে তোলা হয়েছে আলোর মালায়। তারাপীঠে আজ ভোর থেকেই মন্দিরের গর্ভগৃহ খুলে দেওয়া হয়েছে। গভীপর রাত পর্যন্ত তা খোলা থাকবে। ভক্ত ও পূণ্যার্থীদের জন্য প্রশানের পক্ষ থেকে নিরাপত্তা জোরদার করা হয়েছে। কথিত আছে ভাদ্র মাসের এই অমাবস্যা তিথিতে সাধক বামাক্ষাপা সাধনায় সিদ্ধি লাভ করেছিলেন।

--------------------- ---------------------